ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৪৫
খোয়াই, ১৩ আগস্ট, ২০২৫

**খোয়াই জেলায় বিভিন্ন অনুষ্ঠানে**
**হর ঘর তিরঙ্গা কর্মসূচি পালন করা হচ্ছে**

সারা রাজ্যের সাথে খোয়াই জেলাতেও হর ঘর তিরঙ্গা কর্মসূচি বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালন করা হয়। খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী আজ সাংবাদিক সম্মেলনে জানান, জেলার বিভিন্ন স্থানে ৩১৫টি বিদ্যালয়ে দেওয়াল ও বোর্ডে তিরঙ্গা আঁকা হয়েছে। তাতে ৪ হাজার ২০৫ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। খোয়াই জেলার বিভিন্ন স্থানে ১৫৬টি রেশনশপে এক্সিবিশন করা হয়েছে। জেলার ৮০টি বিদ্যালয়ে এবং বিভিন্ন অফিসে রঙ্গোলী প্রতিযোগিতা করা হয়েছে। স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে ৯০টি রাখি তৈরীর প্রতিযোগিতা করা হয়েছে। তাতে ২৯৮ জন অংশ নেন। তিরঙ্গা বাইক ও সাইকেল র‍্যালি করা হয়েছে ৭টি জায়গায়। ১৫টি স্থানে তিরঙ্গা যাত্রা করা হয়েছে। অতিরিক্ত জেলাশাসক জানান, বসে আঁকো প্রতিযোগিতা, প্রবন্ধ লেখা প্রতিযোগিতা, মানববন্ধন তৈরী এবং পথ নাটকেরও আয়োজন করা হবে।

******